

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিকার্যকলান  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

নং ১২.০০.০০০০.০৩০.৮০.০০৬.২৪ (অংশ-১)-১২৫

তারিখ : ১৯/০৭/১৪৩১ বঙ্গাব্দ  
০৪ /১১/২০২৪ খ্রিষ্টাব্দ ।

### বিজ্ঞপ্তি

বিষয় : বেসরকারি পর্যায়ের মাধ্যমে নন-ইউরিয়া (টিএসপি ও ডিএপি) সার আমদানির লক্ষ্যে প্রস্তাব আহবান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৪-২৫ অর্থ বছরে ভর্তুকির আওতায় বেসরকারি পর্যায়ের মাধ্যমে প্রয়োজনীয় পরিমাণ টিএসপি ও ডিএপি সার আমদানির লক্ষ্যে নিম্ন-বর্ণিত নির্দেশনা অনুসরণপূর্বক এবং ২৯/০১/২০১৫ হিসেবে তারিখ নং-১২.০০.০০০০.০৩০.৮০.০০৬.২৪ আরকে জারীকৃত "নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি বিতরণ/প্রদান পদ্ধতি" সংক্রান্ত পরিপন্থের অন্যান্য শর্ত মোতাবেক সার আমদানিকারকগণের (নিজের প্যাডে) নির্দিষ্ট হতে প্রস্তাব আহবান করা যাচ্ছে:

ক। বেসরকারি পর্যায়ের মাধ্যমে প্রয়োজনীয় পরিমাণ টিএসপি ও ডিএপি সার আমদানির লক্ষ্যে আগামী ১০ নভেম্বর ২০২৪ তারিখ সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে সীলগালাকৃত খামে প্রস্তাব দাখিল করতে হবে। সীলগালাকৃত খামের উপর সারের নাম উল্লেখ করতে হবে। সীলগালাকৃত খামে প্রস্তাবসমূহ বাংলাদেশ সচিবালয়ের ৪৮৫ ভবনের ৫০৫ নং কক্ষে রাখিত নির্ধারিত বাল্কে অথবা বিএডিসির সদস্য-পরিচালক (সার ব্যবস্থাপনা বিভাগ), [৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা] এর দণ্ডের রাখিত বাল্কে জমা দিতে হবে। একটি আমদানিকারক প্রতিষ্ঠান একটি মাত্র প্রস্তাব দাখিল করতে পারবেন। একটি প্রস্তাবে একাধিক দর উল্লেখ থাকলে প্রস্তাব বাতিল মর্মে গণ্য হবে। তাছাড়া শর্তযুক্ত প্রস্তাবও বাতিল মর্মে গণ্য হবে।

খ। নির্ধারিত কেটার সারের চাহিদা পুরণকল্পে শেষদিকে কোন নির্দিষ্ট পরিমাণ সারের জন্য একাধিক প্রস্তাবকের দর একই হলে সমবায়ে বন্টনের মাধ্যমে চাহিদা পূরণ করা যাবে। চূড়ান্ত মনোনয়ন/কার্যাবলো জারীর পর ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে আমদানিকারকগণকে ঝুঁপত্র/প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি দাখিল। স্থানপূর্বক জামানতের অর্থসহ কৃষি মন্ত্রণালয়ে জমা দিতে হবে। হিসাবের সুবিধার্থে ভর্তুকি বিল দাখিলের সময় সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক প্রত্যয়িত মুদ্রার বিনিয়ম হার (মার্কিন ডলার/টাকা) জমা দিতে হবে। উক্ত প্রত্যয়িত বিনিয়ম হারের ফলে অতিরিক্ত অর্থ পরিশোধের কেনন ঘটনা সংগঠিত হলে সংশ্লিষ্ট বাণিজ্যিক ব্যাংক কর্তৃক স্ব-উদ্যোগে মন্ত্রণালয়কে অবহিত করাসহ অতিরিক্ত অর্থ সরকারি কোষাগারে ফেরৎ দেয়ার পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়াও বেসরকারি পর্যায়ে সার আমদানির ক্ষেত্রে ব্যাংক সুদ হার ১৩% (তেরো শতাংশ), ছানীয়ব্যয় টম্প্রতি ১৫০০ (একহাজার পাঁচশত) টাকা এবং মুনাফা ৩ (তিনি) শতাংশ পূর্বের ন্যায় বলবৎ থাকবে। নির্ধারিত তারিখের মধ্যে ঝুঁপত্র স্থাপনে/প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য দলিলাদি দাখিলে ব্যর্থ হলে প্রস্তাবের সাথে জামানতবাবদ জয়াকৃত সম্মত অর্থ বাজেয়াওসহ মনোনয়ন বাতিল মর্মে গণ্য হবে এবং তালিকার পরিবর্তী দরদাতাকে সার সরবরাহের জন্য প্রস্তাব করা যাবে। তবে এতদৃশ্যকান্ত যে কোন বিষয়ে মন্ত্রণালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

গ। আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি প্রস্তাবে ৩০,০০০ ( $\pm 10\%$ ) মে. টন টিএসপি এবং ৪০,০০০ ( $\pm 10\%$ ) মে. টন ডিএপি সারের জন্য প্রস্তাব দাখিল করতে পারবে।


ঘ। বেসরকারি সার আমদানিকারকগণ আমদানিকৃত সার বিভিন্ন যোকামে (ক্ষেত্রায়, নারায়ণগঞ্জ, নগরবাড়ী ও নোয়াপাড়া) সংরক্ষণ করবেন। মোট আমদানিকৃত সারের মধ্যে চুট্টায়াম (সম্ভাব্য) ৩%; নারায়ণগঞ্জে (সম্ভাব্য) ৩০%, নগরবাড়ীতে (সম্ভাব্য) ৩৫% এবং নোয়াপাড়ায় (সম্ভাব্য) ৩২% সংরক্ষণ করতে হবে। সার সংরক্ষণ সংক্রান্ত তথ্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। উক্ত যোকামসমূহ ছাড়া অন্য কোন যোকামে সার সংরক্ষণ করতে হলে বা উক্ত যোকামসমূহে মজুদের পরিমাণ হ্রাস-বৃদ্ধি করতে হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকসহ জেলার উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং কৃষি মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

চ। আমদানিকৃত সার ডিলাই পর্যায়ে বিক্রয়ের ক্ষেত্রে কোন ধরণের শর্ত আরোপ বা প্রতিবন্ধক সৃষ্টি করে সার সরবরাহের স্বাভাবিক প্রবাহ বাধাগ্রস্থ করা যাবে না। এরূপ কোন অভিযোগ প্রমাণিত হলে যোকাম সংশ্লিষ্ট জেলার কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালকগণ আমদানিকারকগণের বিনিয়নে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করতে পারবেন।

ছ। সংশ্লিষ্ট আমদানিকারকগণ যেহেতু বেসরকারিভাবে/ব্যক্তিগত উদ্যোগে ব্যাংক খণ্ড গ্রহণের মাধ্যমে সার আমদানি করবেন তাই এ সংক্রান্ত সকল দায়-দেনা আমদানিকারকগণ নিজেরা নিষ্পত্তি করবেন। ব্যাংক খণ্ড নিষ্পত্তির কোন দায়ভার সরকারের উপর বর্তাবে না।

জ। নন-ইউরিয়া সার আমদানি, বিক্রয় এবং ভর্তুকি প্রদান পদ্ধতি সংক্রান্ত পরিপন্থ অনুসারে আমদানিকারকগণকে প্রস্তাবের সাথে সারের উৎপাদক প্রতিষ্ঠানের নিজের প্যাডে Manufacturer Certificate জমা দিতে হবে। Manufacturer Certificate-এ সারের বিনিয়নের সংশ্লিষ্ট আমদানিকারককে নির্দিষ্ট পরিমাণ সার নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহে সম্মত মর্মে উল্লেখ থাকতে হবে। উক্ত পরিপন্থে বর্ণিত অন্যান্য শর্ত মোতাবেক প্রস্তাব দাখিলে ব্যর্থ হলে বা কোন অসম্পূর্ণ/ক্রটপূর্ণ প্রস্তাব দাখিল করলে তা বাতিল মর্মে গণ্য হবে।

০২। এমতাবস্থায়, বেসরকারি পর্যায়ের মাধ্যমে নন-ইউরিয়া (টিএসপি ও ডিএপি) সার আমদানির লক্ষ্যে উল্লিখিত নির্দেশনাসমূহ প্রতিপালনপূর্বক সার আমদানি প্রস্তাব দাখিলের বিষয়ে সার আমদানিকারকগণকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(মোঃ মুনিরুল্লাহ ইসলাম)  
উপসচিব  
ফোন: ৫৫১০০৮৬৭  
ই-মেইল: dsfmm@moa.gov.bd